# সকল বোর্ড-২০১৭

## হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা

বিষয় কোড: | ১ | ১ | ২ |

### সৃজনশীল প্রশ্ন

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১.▶** রতন তার বাবার সাথে বেড়াতে গিয়ে মনোরম দৃশ্য দেখে মুগ্ধ হয়। তাই রতন পিতার কাছে জানতে চায়— দিনে সূর্যের আলো, রাতে চাঁদের কিরণ, তারার মেলা, সাগরের জল, মাটি বাতাস এসব কার সৃষ্টি? পিতা বললেন, তিনি একজন মহান ব্যক্তি। তিনি সবার চেয়ে আদি পুরুষ। জ্ঞানীর কাছে তিনি ব্রহ্ম, যোগীর কাছে তিনি পরমাত্মা এবং ভক্তের কাছে ভগবান।

ক. হিন্দুদের প্রধান ধর্মগ্রন্থ কী? ১

খ. পরমাত্মা বলতে কী বোঝায়? ২

গ. প্রকৃতিতে ঈশ্বর সম্পর্কে রতনের ধারণা ব্যাখ্যা কর। ৩

ঘ. "জ্ঞানীর কাছে ব্রহ্ম, যোগীর কাছে পরমাত্মা" উক্তিটি বিশ্লেষণ কর। ৪

**২.▶** অমিয় বাবু তাঁর সন্তানদের লেখা-পড়াসহ যাবতীয় খরচ বহন করেন। এছাড়াও অতিথি সেবা, মা-বাবার ভরণ-পোষণ, সমাজের প্রতি তার কর্তব্য নিষ্ঠার সাথে পালন করেন। তাঁর প্রতিবেশী ননী বাবুর বয়স ৭৫ বছর। সন্ন্যাস গ্রহণের সময় এসেছে। সন্ন্যাসী জাগতিক সকল কর্ম পরিত্যাগ করে ঈশ্বর চিন্তায় মগ্ন থাকেন। দিনের বেলায় লোকালয় থেকে সংগৃহীত আহার গ্রহণ করেন। রাতের বেলায় দুধ ও ফলমূল খেয়ে জীবন ধারণ করেন।

ক. আশ্রম কত প্রকার? ১

খ. ব্রহ্মচর্যাশ্রম বলতে কী বোঝায়? ২

গ. আশ্রম ধর্মানুযায়ী অমিয় বাবু কোন আশ্রমের অন্তর্ভুক্ত তা ব্যাখ্যা কর। ৩

ঘ. "সন্ন্যাসী জাগতিক সকল কর্ম পরিত্যাগ করে কেবল ঈশ্বর চিন্তাতেই মগ্ন থাকেন"— উক্তিটি বিশ্লেষণ কর। ৪

https://teachingbd24.com

৩.▶ মানব জীবনের শ্রেষ্ঠ প্রাপ্তি ঈশ্বর বা মোক্ষলাভ। এই মোক্ষলাভের জন্য যুগে যুগে ঋষিগণ ভিন্ন ভিন্ন পথের সন্ধান দিয়ে গেছেন। কর্ম, জ্ঞান ও ভক্তিযোগ এগুলোর যে কোনো একটি সাধন পথ অনুসরণ করলেই মোক্ষলাভ সম্ভব।

ক. অবতার কত প্রকার? ১

খ. নিষ্কাম কর্ম বলতে কী বুঝায়? ২

গ. উদ্দীপক অনুসরণে কর্মযোগের মাধ্যমে ঈশ্বর প্রাপ্তি সম্পর্কে আলোচনা কর। ৩

ঘ. "মানব জীবনের শ্রেষ্ঠ প্রাপ্তি ঈশ্বরলাভ"— উক্তিটি মূল্যায়ন কর। ৪

৪.▶ দুই সপ্তাহ হলো তপনের বাবা মারা গেছেন। অশৌচ পালন শেষে সে বাবার উদ্দেশ্যে কিছু করার সিদ্ধান্ত নিল। কিন্তু হাতে টাকা-পয়সা নেই। তখন সে এক নিকটাত্মীয় নির্মল কুমারের কাছে গেল কিছু টাকা ধার করার জন্য। নির্মল কুমার তাকে বলল, "যেখানে শ্রদ্ধার সংযোগ আছে, সেখানে আড়ম্বর না থাকলেও শ্রাদ্ধ হয়।" তাই সে নিজের সামর্থ অনুযায়ী শ্রাদ্ধ করে।

ক. শ্রাদ্ধর প্রবর্তক কে ছিলেন? ১

খ. একোদ্দিষ্ট শ্রাদ্ধ বলতে কী বুঝ? ২

গ. তপন কিভাবে তার বাবার শ্রাদ্ধানুষ্ঠান পালন করল? ব্যাখ্যা কর। ৩

ঘ. নির্মল বাবুর বক্তব্যটি মূল্যায়ন কর। ৪

৫.▶ পলাশ কলেজের একজন ভাল ছাত্র। ক্লাশের পড়াশুনার পাশাপাশি সে বেদ অধ্যয়ন করে। হঠাৎ তার মধ্যে পরিবর্তন আসে। তাঁর কাছে মনে হয় পৃথিবীর ভোগ বিলাস এগুলো কিছুই নয়। মোক্ষলাভই মানুষের জীবনের একমাত্র উদ্দেশ্য। তখন সে মোক্ষলাভের উদ্দেশ্যে সন্ন্যাস জীবন গ্রহণ করে।

ক. হিন্দুধর্মের অপর নাম কী? ১

খ. বৈদিক সাহিত্য বলতে কী বুঝায়? ২

গ. পলাশের পঠিত ধর্মগ্রন্থটির বিষয়বস্তু লিখ। ৩

ঘ. "পলাশের পঠিত ধর্মগ্রন্থ তার জীবনকে সুন্দর করবে"। কথাটির তাৎপর্য লিখ। ৪

৬.▶ রমেশ তাঁর স্কুলের ধর্ম বই পড়ছে। সে শব্দ করে পড়ার মাধ্যমে দেহ ও আত্মার সম্পর্ক মুখস্ত করছে। ছোট বোন তমা তাঁর পড়া শুনে জানতে চায়— আত্মা কী? রমেশ তখন তমাকে দেহ ও আত্মার সম্পর্ক বুঝিয়ে দেয়। সে আরও জানায় মানুষের জন্ম ও মৃত্যু চক্রাকারে আবর্তিত হয়।

ক. সকল সৃষ্টির মূলে কে রয়েছেন? ১

খ. জীবাত্মা বলতে কী বোঝায়? ২

Teachingbd24.com

গ. উদ্দীপকে তমা তাঁর দাদার কাছ থেকে জীবদেহ ও আত্মা সম্পর্কীত যে অভিজ্ঞতা অর্জন করেছে— পাঠ্যপুস্তক অবলম্বনে বর্ণনা কর। ৩

ঘ. "মানুষের জন্ম-মৃত্যু চক্রাকারে আবর্তিত হয়"— রমেশের আলোচ্য উক্তিটি পাঠ্যপুস্তকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৭. ▶ মেধাবী ছাত্র সমরেশ ছাত্রজীবন শেষে সমাজ সেবায় মনোনিবেশ করেন। সারা ভারত ঘুরে তিনি দেখতে পান মানুষের দুঃখ-দুর্দশা এবং শিক্ষা ও কর্মক্ষেত্রে নারীদের পিছিয়ে পড়ার চিত্র। নারীদের শিক্ষার জন্য তিনি নানা কর্মকাণ্ড শুরু করেন। কারণ যে জাতি নারীদের সম্মান দেয় না, সে জাতি কখনো বড় হতে পারে না।

ক. মহাবীর কার উপাধি ছিল? ১

খ. 'বেলুড় মঠ' প্রতিষ্ঠার উদ্দেশ্য ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের সমরেশের চরিত্রের সাথে পাঠ্যপুস্তকের যে চরিত্রের মিল পাওয়া যায় তা ব্যাখ্যা কর। ৩

ঘ. 'যে জাতি নারীদের সম্মান দেয় না, সে জাতি কখনো বড় হতে পারে না'— কথাটি বিশ্লেষণ কর। ৪

৮. ▶ বিনয় নামে একদা ভারতবর্ষে এক মহামানব এসেছিলেন। তিনি ছোট বেলায় খুব মেধাবী ছিলেন। পড়াশুনা অপেক্ষা ধর্মের প্রতি মন ছিল তাঁর বেশি। খেলার পরিবর্তে মন্দিরে গিয়ে বসে থাকতে তাঁর ভাল লাগত। শ্রীকৃষ্ণকে কীভাবে পাওয়া যায় এই ছিল তাঁর ধ্যান জ্ঞান। মাত্র ১২ বছর বয়সে তিনি পিতামাতার অনুমতি নিয়ে গৃহত্যাগ করেন। নবদ্বীপের জগাই-মাধাইকে কৃষ্ণনামে উদ্ধার করেন। আজো লাখো মানুষের হৃদয়ে তিনি অমর হয়ে আছেন।

ক. নিমাই পণ্ডিতের অপর নাম কী? ১

খ. কুবেরের নাম কীভাবে নিত্যানন্দ হলো? ২

গ. উদ্দীপকের ব্যক্তির বৈশিষ্ট্যগুলো আলোচনা কর। ৩

ঘ. 'বিনয় যেন নিত্যানন্দেরই প্রতিচ্ছবি'— মূল্যায়ন কর। ৪

Teachingbd24.com

৯. ▶ দাক্ষিণাত্যের কালাড়ি গ্রামে ৭৮৮ খ্রিষ্টাব্দে বিশিষ্টা দেবীর কোলে এক মহাপুরুষের জন্ম হয়। তাঁর ছিল অসাধারণ মেধা ও স্মৃতিশক্তি। তিনি ৩২ বছরের জীবনে অসাধারণ কিছু কাজ করে জগতের বুকে স্মরণীয় ও বরণীয় হয়ে আছেন। 'ব্রহ্ম সত্য, জগৎ মিথ্যা'— এ সত্যটি তিনি পালন করতেন। "জীব ও ব্রহ্মের মধ্যে কোনো পার্থক্য নেই— এ ছিল তাঁর জীবনের চরম সত্য।"

ক. 'যত মত তত পথ' কথাটি কে বলেছেন? ১

খ. কেন অবতারগণ পৃথিবীতে আসেন? বুঝিয়ে লিখ। ২

গ. উদ্দীপকের মহামানবের পাণ্ডিত্য পাঠ্যপুস্তকের আলোকে আলোচনা কর। ৩

ঘ. "জীব ও ব্রহ্মের মধ্যে কোনো পার্থক্য নেই— এ ছিল তাঁর জীবনের চরম সত্য"— কথাটি বিশ্লেষণ কর। ৪

১০. ▶ অনিন্দ্য ৯ম শ্রেণির ছাত্র। মাঝে মাঝে সে মূত্রাশয় ও পেটের পীড়ায় কষ্ট পায়। এ থেকে মুক্তি পাওয়ার জন্য সে তাঁর স্কুলের হিন্দুধর্মীয় শিক্ষকের নিকট পরামর্শ চাইলো। শিক্ষক মহাশয় অনিন্দ্যকে হলাসন অনুশীলনের পরামর্শ দিলে উক্ত আসন অনুশীলনের মাধ্যমে অনিন্দ্য ধীরে ধীরে সুস্থ হয়ে উঠলো।

ক. ধ্যান শব্দের অর্থ কী? ১

খ. সমাধি বলতে কী বুঝায়? ২

গ. অনিন্দ্য কীভাবে উদ্দীপকের আসনটি অনুশীলন করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের উক্ত আসনটি অনিন্দ্যের শরীরে কী ধরনের প্রভাব ফেলবে? বিশ্লেষণ কর। ৪

১১. ▶ শ্যামল খুব মেধাবী এবং ভাল ছাত্র ছিল। সে অসৎসঙ্গে মিশে মাদকাসক্ত হয়ে পড়ে। এক পর্যায়ে অর্থ যোগাড় করার জন্য সে চুরি এবং মিথ্যার আশ্রয় নিতে থাকে। তাঁর বাবা-মা অত্যন্ত চিন্তিত হয়ে শ্যামলকে মাদকদ্রব্য নিরাময় কেন্দ্রে ভর্তি করিয়ে দেন।

ক. নমস্কার কত প্রকার? ১

খ. মাদক গ্রহণ কেন অধর্ম? বুঝিয়ে লেখ। ২

গ. শ্যামলের এই অবস্থার প্রতিকার ও প্রতিরোধের উপায়গুলো আলোচনা কর। ৩

ঘ. 'অসৎসঙ্গের দৌরাত্ম্যে মানুষের মারাত্মক ক্ষতি হতে পারে'— পাঠ্যপুস্তক এবং শ্যামলের জীবনের আলোকে বিশ্লেষণ কর। ৪

Teachingbd24.com

# হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা
## বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩০ মিনিট    পূর্ণমান — ৩০    বিষয় কোড : | ১ | ১ | ২ |

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. সৌভাগ্য ও সৌন্দর্যের দেবী কে?**
ক লক্ষ্মী    খ সরস্বতী
গ দুর্গা    ঘ শীতলা

**২. শ্রী বিষ্ণুর প্রথম অবতার হচ্ছে—**
ক রাম    খ বলরাম
গ মৎস্য    ঘ নৃসিংহ

**৩. নিচের কোনটি ধর্মাচার নয়?**
ক বর্ষবরণ    খ দোলযাত্রা
গ নামযজ্ঞ    ঘ রথযাত্রা

**৪. শ্যামা প্রতিদিন তার বাড়ির পোষা বিড়ালটিকে খাবার খাইয়ে পরে নিজের খাবার গ্রহণ করে এবং এতে সে আত্মতৃপ্তি লাভ করে। শ্যামার আচরণে হিন্দুধর্মের কোন মূল বৈশিষ্ট্যটি ফুটে উঠেছে?**
ক মহানুভবতা    খ মানবতা
গ পরোপকারিতা    ঘ জীবসেবা

**৫. যাগযজ্ঞের অনুশীলন করে আর্যগণ নিচের কোন দুটির প্রতি প্রার্থনা জানাতেন?**
ক জ্ঞান ও বৈরাগ্য    খ যশ ও শ্রী
গ শ্রী ও ধী    ঘ ঐশ্বর্য ও বীর্য

**৬. পুরোহিত বলতে বোঝায়—**
ক যার নামে সংকল্প করে পূজা করা হয়
খ পূজা-অর্চনা কার্যাদি সম্পাদনকারী
গ শুধুমাত্র ব্রাহ্মণ সম্প্রদায়ের লোক
ঘ আদর্শ ব্যক্তিত্বের অধিকারী

**৭. ওঁ এর পূর্ণরূপ কী?**
ক অ—উ—ম    খ ও—উ—ম
গ অ—ও—ম    ঘ অ—ঔ—ম

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৮ ও ৯নং প্রশ্নের উত্তর দাও:**
সদ্য বিবাহিত প্রণব তার শাশুড়ির নিমন্ত্রণে জ্যৈষ্ঠ মাসের এক বিশেষ তিথিতে শ্বশুরালয়ে বেড়াতে যায়। এ উপলক্ষে সেখানে বিশেষ অনুষ্ঠান ও খাওয়া দাওয়ার আয়োজন করা হয়।

**৮. প্রণবের শ্বশুরালয়ে কোন অনুষ্ঠানের আয়োজন করা হয়?**
ক জামাই ষষ্ঠী    খ রাখী বন্ধন
গ গৃহপ্রবেশ    ঘ নবান্ন

**৯. উক্ত অনুষ্ঠানে করণীয়—**
ক হাতে পবিত্র সুতো বেঁধে দেয়া
খ নারায়ণ দেবতার পূজা করা
গ নতুন বস্ত্র প্রদান করা
ঘ নতুন ধানের চাল দিয়ে পিঠা তৈরি করা

**১০. মোক্ষলাভ বলতে বুঝায়—**
ক মৃত্যুবরণ    খ স্বর্গে গমন
গ পুনর্জন্ম    ঘ ঈশ্বরের সান্নিধ্যলাভ

**১১. ব্রাহ্মণ সন্তান তমঃগুণে প্রভাবিত হলে সে কোন বর্ণ বলে গণ্য হয়?**
ক ব্রাহ্মণ    খ ক্ষত্রিয়
গ বৈশ্য    ঘ শূদ্র

**১২. কলিযুগে কোন আশ্রম থেকে জীবনযাপন করাই ভালো?**
ক ব্রহ্মচর্য    খ গার্হস্থ্য
গ বানপ্রস্থ    ঘ সন্ন্যাস

**১৩. একজন যোগী পুরুষ—**
i. জগতের সকল কর্মে বিচলিত
ii. নির্বাক নিষ্কম্প প্রদীপের মতো স্থির
iii. সদা প্রসন্নচিত্ত
**নিচের কোনটি সঠিক?**
ক i    খ ii
গ i ও ii    ঘ ii ও iii

**১৪. রিপনের বাবার মৃত্যুর পর শাস্ত্রীয় নিয়মে অশৌচান্তের পরের দিন প্রথম অনুষ্ঠান সম্পন্ন হয়। এখানে কোন অনুষ্ঠান পালনের কথা বলা হয়েছে?**
ক জননাশৌচ    খ মরণাশৌচ
গ আদ্যএকোদ্দিষ্ট শ্রাদ্ধ    ঘ অন্ত্যেষ্টিক্রিয়া

**১৫. বিবাহের মূল পর্ব কোনটি?**
ক মালাবদল    খ বৃদ্ধিশ্রাদ্ধ
গ গাত্র হরিদ্রা    ঘ সম্প্রদান

**১৬. বিশ্বের প্রাচীন ইতিহাস জানার জন্য সবচেয়ে নির্ভরযোগ্য সহায়ক গ্রন্থ হচ্ছে—**
ক বেদ    খ রামায়ণ
গ মহাভারত    ঘ গীতা

**১৭. দেবী দুর্গার বোধন কোন সময়ে অনুষ্ঠিত হয়?**
ক সকালে    খ সন্ধ্যাকালে
গ গভীর রাতে    ঘ ঊষাকালে

Teachingbd24.com

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১৮ ও ১৯নং প্রশ্নের উত্তর দাও:**

লিমন ছাত্র হিসেবে বেশ ভালো। লিমনের বাবা বিদেশে চাকুরী করেন। তিনি ছেলের লেখাপড়ার জন্য প্রতিমাসে টাকা পাঠান। কিন্তু ইদানিং লিমন বখাটে ছেলেদের সাথে মিশে নেশা দ্রব্যে আসক্ত হয়ে অনৈতিক কাজে জড়িয়ে পড়ে।

**১৮. লিমন কোন ধরনের রোগে আক্রান্ত হতে পারে?**

ⓚ জন্ডিস ⓛ আমাশয়

ⓜ ফুসফুসের ক্যান্সার ⓝ ডায়রিয়া

**১৯. লিমনকে স্বাভাবিক জীবনে ফিরিয়ে আনতে প্রধান ভূমিকা রাখবে—**

ⓚ পরিবার ⓛ বিদ্যালয়

ⓜ ধর্মীয় প্রতিষ্ঠান ⓝ প্রতিবেশী

**২০. তরণী সেনকে দেখে রামের বিস্মিত হওয়ার কারণ—**

ⓚ বিভীষণের মিথ্যাচার

ⓛ রাক্ষস বাহিনীর পরাজয়

ⓜ লঙ্কার বীরদের আত্মত্যাগ

ⓝ রাবণের অবিবেচনাপ্রসূত কাজ

**২১. দিপাবলী উৎসব কী নামে পরিচিত?**

ⓚ নীলপূজা ⓛ দেওয়ালি

ⓜ সর্বমঙ্গলা ⓝ ঠাকুরানি জাগরণী

**২২. ধর্মাধর্ম নির্ণয়ের ক্ষেত্রে বিশেষ লক্ষণ কোনটি?**

ⓚ সহিষ্ণুতা ⓛ জ্ঞান

ⓜ বেদ ⓝ দয়া

**২৩. ধার্মিক ব্যক্তি—**

i. ধীশক্তি সম্পন্ন

ii. সমদর্শী

iii. জগতের হিতসাধনে আত্মনিবেদিত

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓛ ii ও iii

ⓜ i ও iii ⓝ i, ii ও iii

**২৪. জবা নামযজ্ঞ অনুষ্ঠানে যোগদান করল, এতে তার—**

i. পুণ্যলাভ হবে

ii. জীবন প্রতিষ্ঠিত হবে

iii. মন উদার হবে

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓛ i ও iii

ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

**২৫. ধর্ম রক্ষার জন্য যুদ্ধ করা কার ধর্ম?**

ⓚ জ্ঞানীর ⓛ ধার্মিকের

ⓜ যোগীর ⓝ বীরের

**২৬. 'ধর্মের জয়' উপখ্যান থেকে কোন শিক্ষা পাওয় যায়?**

ⓚ মানবতাই ধর্ম

ⓛ ধর্মই ধার্মিককে রক্ষা করে

ⓜ সততাই উৎকৃষ্ট পন্থা

ⓝ ক্ষমাই মহত্ত্বের লক্ষণ

**২৭. শ্রী শঙ্করাচার্য রচিত গ্রন্থ কোনটি?**

ⓚ শিবস্তব ⓛ পুণ্যপুঁথি

ⓜ শব্দকোষ ⓝ জ্ঞানকোষ

**নিচের অনুচ্ছেদটি পড়ে ২৮ ও ২৯নং প্রশ্নের উত্তর দাও:**

ধনাঢ্য পরিবারের সন্তান শ্রীকান্তের সাথে রূপাদেবীর বিয়ে হয়। কিন্তু শ্বশুড়বাড়ির ধন-সম্পদের প্রতি তার কোন আসক্তি নেই। সে সর্বদাই শ্রীকৃষ্ণের কীর্তন নিয়ে ব্যস্ত থাকে। এক পর্যায়ে সে সংসারধর্ম ত্যাগ করে কৃষ্ণনাম প্রচারে নিজেকে নিয়োজিত করে।

**২৮. রূপাদেবীর চরিত্রে কোন মহীয়সী নারীর মিল পাওয় যায়?**

ⓚ শ্রীমা ⓛ ভগিনী নিবেদিতা

ⓜ মীরাবাঈ ⓝ সারদাদেবী

**২৯. উক্ত মহীয়সী নারীর ভজন সঙ্গীত—**

i. সাম্প্রদায়িক সম্প্রীতির সৃষ্টি করে

ii. প্রেমভক্তির পথ প্রশস্ত করে

iii. আর্ত-পীড়িতের কল্যাণ সাধন করে

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓛ i ও iii

ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

**৩০. চরকের পৃথিবীতে আগমনের কারণ কী ছিল?**

ⓚ পাপী-তাপী উদ্ধার করা

ⓛ ধর্ম প্রচার করা

ⓜ মানুষকে রোগব্যাধি থেকে মুক্ত করা

ⓝ নাম কীর্তন করা

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ক | ২ | গ | ৩ | ক | ৪ | খ | ৫ | গ | ৬ | ঘ | ৭ | ক | ৮ | ক | ৯ | গ | ১০ | ঘ | ১১ | গ | ১২ | খ | ১৩ | ঘ | ১৪ | গ | ১৫ | ঘ |
| | ১৬ | ক | ১৭ | খ | ১৮ | গ | ১৯ | ক | ২০ | ঘ | ২১ | খ | ২২ | গ | ২৩ | ঘ | ২৪ | খ | ২৫ | ঘ | ২৬ | খ | ২৭ | ক | ২৮ | গ | ২৯ | ঘ | ৩০ | গ |

Teachingbd24.com